অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জানিয়েছেন, নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ কর্পস্ ফেলোশিপ প্রোগ্রামের আবেদন পত্র বর্তমানে নেওয়া হচ্ছে

প্রায় 1,000 জনকে কর্নেল ইউনিভার্সিটি প্রশিক্ষণ দেবে এবং পাবলিক হেলথ অপারেশনের জন্য পাঠাবে

কর্পস্ কর্মক্ষমতা বাড়িয়েছে যা কোভিড-19 অতিমারির পরেও টিকে আছে, 2021 স্টেট অফ দ্য স্টেটে যেভাবে বর্ণিত রয়েছে

রোলিং আবেদনপত্র এখানে জমা করা যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন, নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ কর্পস ফেলোশিপ প্রোগ্রামের জন্য বর্তমানে আবেদনপত্র নেওয়া হচ্ছে, এটি দেশের প্রথম একটি প্রোগ্রাম যা কোভিড-19 সম্পর্কিত যে কোনও প্রতিক্রিয়া এবং ভ্যাকসিন প্রচেষ্টায় অবিলম্বে সাহায্য করবে এবং ভবিষ্যতে জনগণের স্বাস্থ্য সংক্রান্ত জরুরিকালীন পরিস্থিতিতে, স্থানীয় ও স্টেট ব্যাপী কর্মক্ষমতা শক্তিশালী করবে। এই প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ, নিউ ইয়র্ক শহর ছাড়া স্থানীয় স্বাস্থ্য বিভাগ অথবা স্টেটের অন্যান্য পাবলিক হেলথ পার্টনার বিভাগে, 1,000 পদ পর্যন্ত প্লেসমেন্ট-সহ ফুল-টাইম চাকরি দেবে। অনুসন্ধিৎসুরা অনলাইন কোর্স সম্পূর্ণ করবে এবং কর্ণেল ইউনিভার্সিটি থেকে একটি পাবলিক হেলথ এসেনশিয়াল সার্টিফিকেট পাবে, গভর্নরের 2021 স্টেট অফ দ্য স্টেট-গণমাধ্যমে যেমন বলা রয়েছে।

"কোভিড অতিমারি নিউ ইয়র্কে আছড়ে পড়েছে এবং আমাদের জীবনকে উথাল-পাথাল করে দিয়েছে এবং আমরা শিক্ষা পেয়েছি যে আমাদের এখনই পদক্ষেপ নেওয়া উচিত এবং পরবর্তী জন স্বাস্থ্য সংকটের জন্য প্রস্তুত থাকতে হবে," **গভর্নর কুওমো বলেছেন**। "পরবর্তী প্রজন্মকে জন স্বাস্থ্যের পেশাদারিত্ব সম্পর্কে প্রশিক্ষণ ও শিক্ষা দিতে, আমরা কর্ণেল ইউনিভার্সিটির সাথে জোটবদ্ধ হচ্ছি। যদি পরবর্তীকালে কোনও জন স্বাস্থ্য সংক্রান্ত জরুরিকালীন পরিস্থিতির সৃষ্টি হয়, তবে এই পেশাদাররা মাঠে নেমে তৎপর হয়ে কাজ করতে প্রস্তুত থাকবে। আমি তাদের সবাইকে উৎসাহ দিতে চাই, যারা দেশের এই প্রথম প্রোগ্রামে আবেদন করতে চান এবং নিউ ইয়র্কের জরুরি জন স্বাস্থ্য প্রস্তুতি প্রচেষ্টার একটি অংশ হতে চান।"

নিউ ইয়র্ক স্টেট বিভাগের হেলথ কমিশনার ডা: হাওয়ার্ড জাকার বলেছেন, "এই অনন্য, প্রগতিশীল পাবলিক হেলথ প্রোগ্রাম ভাবনার জন্য, আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাতে চাই, সমস্ত নিউ ইয়র্কবাসীকে এটি ভীষণ সুবিধা দেবে। স্টেটের জনস্বাস্থ্য বিষয়ক কর্মক্ষমতা ও

স্বাস্থ্যসেবা সম্প্রদায়ের দক্ষতা ও জ্ঞান আয়ত্ত করার জন্য, আমাদের বর্তমান কোভিড-19 মোকাবিলার ক্ষমতা বৃদ্ধি এবং গত বছর যে নিউ ইয়র্কবাসীরা এই অতিমারির বিরুদ্ধে লড়াই করে আমাদের সাথে অভিজ্ঞতা ভাগ করে নিয়েছেন তাদের যুক্ত করা, নিয়মিত অপরিহার্য জনস্বাস্থ্য বিষয়ক কর্মকাণ্ড এবং জনস্বাস্থ্য পেশাদারদের একটি নতুন প্রজন্মকে পেশাদার জনস্বাস্থ্য সচেতন মানুষ হিসেবে গড়ে তোলার জন্য এটি একটি দারুণ সুযোগ।"

এই প্রোগ্রামে যারা নির্বাচিত হবেন, তারা জনস্বাস্থ্য শিক্ষায় দক্ষ, পাঠরত ও সদ্য গ্রাজুয়েট শিক্ষার্থী; নার্সিং, মেডিকেল, ডেন্টিস্ট্রি, ফার্মাসিউটিকাল এবং সমগোত্রীয় হেলথ প্রোগ্রামে যুক্ত ব্যক্তি বিশেষ; অবসরপ্রাপ্ত পেশাদার চিকিৎসক; জরুরি প্রস্তুতি এবং অন্যান্য নিউইয়র্কবাসী যারা কর্নেল ইউনিভার্সিটি থেকে একটি যথাযথ জনস্বাস্থ্য প্রশিক্ষণ পাঠ্যক্রম থেকে শিক্ষা নিয়ে এসেছে। শিক্ষার্থীরা যদি একবার নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ কর্পস ফেলোশিপ প্রোগ্রামে নির্বাচিত হয়ে যায়, তাহলে তারা মাস্টার অফ পাবলিক হেলথ প্রোগ্রামের অফার করা কর্ণেল ইউনিভার্সিটির পাবলিক হেলথ এসেনশিয়াল সার্টিফিকেট প্রোগ্রামও সম্পূর্ণ করতে পারবে। নিউ ইয়র্কে চলা কোভিড-19 ভ্যাকসিনেশনে এই প্রোগ্রামটি সহায়তা করবে, পাশাপাশি রেসপন্স অপারেশন ও জনস্বাস্থ্য বিষয়ক জরুরি প্রতিক্রিয়া স্থাপন করবে যা এই অতিমারির পরেও টিকে থাকবে। প্রত্যেকে এখানে আবেদন করতে পারেন.

কর্ণেল ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ডা: মার্থা পোলক বলেছেন, "পাবলিক হেলথ কর্পস, নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সুবিধার জন্য কর্ণেল ইউনিভার্সিটির শিক্ষাক্ষেত্রে ব্যবহৃত পুঁজিকে কাজে লাগাতে চায়, যা তাদের কাছে একটি অসাধারণ সুযোগ। কর্ণেল ইউনিভার্সিটি, 1,000 শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটের সঙ্গে পার্টনারশিপ করতে পেরে গর্বিত, এই শিক্ষার্থীরা বর্তমানে এবং ভবিষ্যতে জনস্বাস্থ্যের জরুরি পরিস্থিতিতে, স্থানীয় সম্প্রদায়ের সাহায্য করতে প্রস্তুত থাকবে।"

নিউইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টি হেলথ অফিসিয়ালদের সদ্য প্রাক্তন প্রেসিডেন্ট ডা. কেভিন ওয়াটকিনস বলেছেন, "স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিকে এই নতুন প্রোগ্রামে আনার ফলে একটি সমন্বয় তৈরি হয়েছে যা আমাদের বর্তমান COVID-19 প্রভাব নিয়ন্ত্রণে এবং ভবিষ্যতের জনস্বাস্থ্যের প্রতিকূলতা মোকাবিলায় প্রয়োজনীয় কর্মক্ষমতা নির্মাণে সহায়তা করবে। স্টেট জুড়ে বহু আকাঙ্খিত জনস্বাস্থ্য কর্মক্ষমতা সম্প্রসারণের উদ্দেশ্যে, নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ কর্পস গড়ে তোলার জন্য, আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই।"

স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্কের চ্যান্সেলর জিম মালাটারাস বলেছেন, "SUNY সিস্টেম, এই পাবলিক হেলথ কর্পস চালু করার ক্ষেত্রে এক সক্রিয় পার্টনার হবে—একটি অভিনব প্রোগ্রাম যা নিউ ইয়র্ককে কোভিড-19 মুক্ত করার সাথে সাথে, আমাদের পরবর্তী অতিমারির জন্য ভালভাবে প্রস্তুত করতে সহায়তা করবে। গত 15 মাস ধরে, SUNY কমিউনিটির সদস্যরা—বিশেষ করে শিক্ষার্থীরা—তাদের সম্প্রদায়ের পাশে দাঁড়ানোর তীব্র আকাঙ্খা দেখিয়েছে এবং জনস্বাস্থ্য প্রতিক্রিয়ায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। পাবলিক হেলথ কর্পস সেইসব শিক্ষার্থী এবং সদ্য গ্র্যাজুয়েটদের জন্য একটি দারুণ সুযোগ, যারা জনস্বাস্থ্য পরিষেবা প্রদানে আরও এগিয়ে যেতে চায় এবং ভবিষ্যতের জরুরিকালীন পরিস্থিতির জন্য একটি গুরুত্বপূর্ণ, অতিরিক্ত প্রতিক্রিয়া স্তর প্রদান করতে চায়।"

আরও তথ্যের জন্য এবং নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ কর্পস-এ আবেদনের জন্য ny.gov/publichealthcorps ভিজিট করুন

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন